গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**ফেব্রুয়ারি/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১০/০২/২০২২, দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ । |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/ সংশোধনী না থাকায় জানুয়ারি/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)**: জানুয়ারি/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হবার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি)**: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ এবং উপজেলা সভাকক্ষ রিনোভেশন কাজের ১০,২৮,৫৫৯.০০ (দশ লক্ষ আটাশ হাজার পাঁচশত উনষাট) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি জানান নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট মহোদয়ের কারিগরী প্রতিবেদন এবং প্রাক্কলিত মূল্য=১০,২৮,৫৫৯.০০ (দশ লক্ষ আটাশ হাজার পাঁচশত উনষাট) টাকা অনুমোদনের নিমিত্তে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট মহোদয়ের কারিগরী প্রতিবেদন এবং প্রাক্কলিত=১০,২৮,৫৫৯.০০ (দশ লক্ষ আটাশ হাজার পাঁচশত উনষাট) টাকা মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণের সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ২০২১-২০২২ইং অর্থ বছরে এডিপি (থোক বরাদ্দ) বাবদ ১ম কিস্তি ২৩.১৫+২য় কিস্তি ২৩.১৫ + ৩য় কিস্তির ২৩.১৫=৬৯.৪৫ (উন সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিলে ৫,৭৭,০৬,৩৩৩.২০ (পাঁচ কোটি সাতাত্তর লক্ষ ছয় হাজার তিনশত তেত্রিশ টাকা বিশ পয়সা) মাত্র জমা রয়েছে। উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন যে, অর্থ বছর শেষ হতে আর মাত্র চার মাস বাকী আছে। প্রকল্প যাচাই-বাছাই করে টেন্ডার প্রক্রিয়া সম্পাদন করতে কমপক্ষে তিন মাস সময়ের প্রয়োজন। ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্য, ইউনিয়ন পরিষদ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ হতে প্রকল্প পাওয়া গিয়াছে। উক্ত প্রকল্পগুলি প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে চুড়ান্ত করা প্রয়োজন বলে তিনি সভার দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত-২: উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভা আহবানের মাধ্যমে প্রাপ্ত স্কীম তালিকা যাচাই-বাছাই করার জন্য সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষসহ ৫টি কক্ষের থাই এ্যালুমিনিয়ামের জানালার চাকা, লক এবং ফ্রেম নষ্ট হওয়ার কারণে থাই এ্যালুমিনিয়ামের জানালার চাকা, লক ও ফ্রেম মেরামত করা হয়েছে। মেরামত খরচ বাবদ =১৪,৫৯৮.০০ (চৌদ্দ হাজার পাঁচশত আটানব্বই) টাকা এবং একুশে ফেব্রয়ারী উদযাপন উপলক্ষে শহীদ মিনারে আলোক সজ্জা খরচ

বাবদ =৬,০০০ (ছয় হাজার) টাকা এবং উপজেলা ডরমেটরী ভবনে পানির লাইন পরিস্কার, ০২টি বাথরুমের কমেট জ্যাম এবং পয়প্রনালী পরিস্কার পানির লাইনের বিবকর্ক পরিবর্তন, ০৪টি নতুনভাবে পানির ফিল্টার স্থাপন কাজ বাবদ (৭,১০০+৭,৫০০)=১৪,৬০০/- টাকা খরচ হয়েছে মর্মে তিনি সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-৩: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদের ''উপজেলা বাসাবাড়ী অফিস মেরামত সংরক্ষণ'' খাত হতে ব্যয় নির্বাহের জন্য জন্য সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি জানান যে, সবজি সহ অন্যান্য ফসলের আবাদ বেশি হওয়ায় কামাল বাজার ইউনিয়নে একজন অতিরিক্ত বিসিআইসি সার ডিলারের নিয়োগ বিজ্ঞপ্তিসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : কামাল বাজার ইউনিয়নে একজন অতিরিক্ত বিসিআইসি সার ডিলারের নিয়োগ বিজ্ঞপ্তিসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। বিবিধ: (ক) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন (ফাইজার) প্রদানের জন্য উপজেলা পরিষদের একটি কক্ষে সাময়িকভাবে ভাড়া করে একটি এসি লাগানোর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান। ফাইজারের ভ্যাকসিন প্রদানের জন্য এসি রুমের প্রয়োজন হয় এবং এ ব্যাপারে তিনি ০১ মাসের জন্য একটি এসি ভাড়া করে সংযোজনের প্রস্তাব করেন। এসি ভাড়া বাবদ তিনি একটি দোকানের ১২০০০/-(বার হাজার টাকার) বিল উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : জনস্বার্থে জরুরি ভিত্তিতে এসি ভাড়া পূর্বক উপজেলা পরিষদের একটি কক্ষে সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। এসির ভাড়া বাবদ ১২০০০/-(বার হাজার টাকা) উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতসিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী এবং উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট

বিবিধ: (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আগামী ২১ শে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হবে। সে লক্ষ্যে শহিদ মিনার, মিলনায়তন ও বঙ্গবন্ধু ম্যুরালে কিছু বৈদ্যুতিক ওয়্যার পরিবর্তন করা দরকার এবং বাল্ব ক্রয় করা প্রয়োজন। এ প্রসংগে তিনি ১৭৫০০/- (সতের হাজার পাঁচশত টাকা মাত্র) প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় বৈদ্যুতিক কাজ করানোর জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং এ সংক্রান্ত ব্যয় ১৭৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী এবং উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট

বিবিধ: (গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত হাতল চেয়ার, কাঠের টেবিল ও স্টিল আলমারী অনেক পুরাতন হয়ে যাওয়ায় বর্তমানে সেগুলো অনেকাংশে ব্যবহার

অনুপযোগী হয়ে পড়েছে। দাপ্তরিক কাজকর্ম সচল রাখার স্বার্থে আসবাবপত্রগুলো জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ প্রসংগে তিনি বিভিন্ন মেরামতকারী প্রতিষ্ঠান কর্তৃক আসবাবপত্রগুলো মেরামত বাবদ আনুমানিক ৩৩,০০০/-(তেত্রিশ হাজার টাকার) প্রয়োজন বলে সভায় জানান।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনা ক্রমে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত হাতল চেয়ার, কাঠের টেবিল ও স্টিল আলমারী মেরামত বাবদ ব্যয় ৩৩,০০০/-(তেত্রিশ হাজার টাকার) মধ্যে সীমাবদ্ধ রেখে জরুরি ভিত্ততে মেরামত করনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।এবং এ সংক্রান্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**উপদেষ্টা মহোদয়ের সমাপনী বক্তব্য** : জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম ও আদাব জানান। গঠনমূলক বক্তব্যের জন্য তিনি নবনির্বাচিত ইউনিয়ন চেয়ারম্যানগণদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন জননেত্রী শেখ হাসিনার সরকারের জন্য আপনারা সবাই পর্যাপ্ত সুযোগ সুবিধা পাচ্ছেন। সরকারের এই উন্নয়নকে অব্যাহত রাখতে হবে। তিনি কৃষি অফিসারকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলেন। জন্ম নিবন্ধনের জন্য উপজেলায় আলাদা ডেস্ক করার পরামর্শ দেন। তিনি বলেন সরকার দক্ষিণ সুরমায় অনেক উন্নয়ন করছে যা দক্ষিণ সুরমাবাসীর জন্য খুবই আনন্দের বিষয়। শেখ রাসেল স্টেডিয়াম শীঘ্রই হতে যাচ্ছে। তিনি ১০টি বিদ্যালয়ে মুজিব গ্রন্থাগার করার পরামর্শ দেন। তিনি বলেন সরকারকে ক্ষমতায় নিয়ে যাওয়ার লক্ষ্যে কাজ করতে হবে। হাসিমুখে জনগণকে সেবা দিতে হবে। জাইকা এবং এডিপির বরাদ্দ সমন্বয় করে কাজ করার পরামর্শ দেন। তিনি বলেন পারাইরচকে সিটি কর্পোরেশনের ডাম্পিং ষ্টেশন থাকবে না। ভ্যাকসিন কার্যক্রম দ্রুত শেষ করার জন্য বলেন। অফিসার্স ক্লাবের জন্য তিনি বরাদ্দ দিবেন বলেন মতামত ব্যক্ত করেন।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য** : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি নবনির্বাচিত চেয়ারম্যানগণকে স্বাগত জানান। সভাপতি মহোদয় বলেন অদ্যাবধি পর্যন্ত যেসকল ইউনিয়ন হতে এডিপির প্রকল্প তালিকা দেয়া হয় নাই, তাদেরকে অতি দ্রুত প্রকল্প তালিকা প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। উপকারভোগীদের বাড়িতে নলকূপ বসানোর ক্ষেত্রে জনপ্রতিনিধিদের অবগত করে কাজে লোক পাঠানোর জন্য তিনি জনস্বাস্থ্য অফিসের কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় জন্ম নিবন্ধন কার্যক্রম অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি বলেন পীর হাবিবুর রহমান চত্বরে হিজড়ারা চাঁদাবাজি করে, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। বিভিন্ন বাজারের সংস্কার/মেরামত কাজ দ্রুত বাস্তবায়নের জন্য তিনি বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আবু জাহিদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২.১২৩ তারিখঃ ১০ ফেব্রুয়ারি, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।

৮। উপ-পরিচালক ..............................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা .....................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান/প্রশাসক ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য..............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২০/০২/২২

( স্নিগ্ধা তালুকদার )
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬

**পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:**

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যানের প্রতিনিধি, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। প্রশাসক, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>১০। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |

" দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি "

**মাস ঃ ফেব্রুয়ারি, ২০২২ সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা তারিখ ঃ ১০/০২/২০২২।**

| ক্রঃ নং | উপস্থিত জনপ্রতিনিধি ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৩ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা,সিলেট। | (A) |
| ০৫ | চেয়ারম্যান, ১ নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৭ | চেয়ারম্যান, ৫ নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৮ | চেয়ারম্যান, ৬ নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৯ | চেয়ারম্যান, ৭ নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১০ | চেয়ারম্যান, ৮ নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১১ | চেয়ারম্যান, ৯ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১২ | প্রশাসক, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| | | |
| | | |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তা ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 10/2/22 |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 10·2·2021 |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | SAPPO |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | Dr. Tania (পক্ষে) |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (পক্ষে) |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | 10-02-2022 |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 10/2/22 |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 10/2/2022 |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 10/02/2022 |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 10/02/22 |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 10/2/22 |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | 10.02.22 |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 10/2/2022 |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 10/02/22 |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 10/02/2022 |
| | | |
| | | |